

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.৮৫০০.০০০.১৪.০৬৮.১৫. ২২৫৫

২৫ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ০৬ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে রংপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ রংপুর জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপৱং/২০১৭/১৮৯(৩), তারিখঃ ২৪/৪/২০১৭।

২০১৬-২০১৭ অর্থ বছরে রংপুর জেলা পরিষদের অনুমোদিত রাজস্ব তহবিলের আওতায় ১৭,৭৫,০০০/- (সতের লক্ষ পঁচাত্তর হাজার) টাকায় নিম্নোক্ত প্রকল্প ২টি নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

ক্র নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১	দুঃস্থ মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য সেলাই প্রশিক্ষণ	১৪,৫০,০০০/-
২	শিক্ষিত যুব ও যুবাদের আত্মকর্মসংস্থানের জন্য কম্পিউটার প্রশিক্ষণ	৩,২৫,০০০/-

শর্তসমূহঃ

- ১) প্রশিক্ষনার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর, উপ পরিচালক, স্থানীয় সরকার, রংপুর, উপজেলা নির্বাহী অফিসার সদর, রংপুর, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, রংপুর এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষনার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ;
- ৪) সেলাই প্রশিক্ষণ কোর্স যুব উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৬) কম্পিউটার প্রশিক্ষণ কোর্স বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে;
- ৭) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য সর্বোচ্চ ৫০০/ (পাঁচশত) টাকা হারে প্রদান করা যাবে ;
- ৮) প্রশিক্ষনার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষনার্থীদের নান্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয় করা যাবে;
- ৯) যেহেতু আলোচ্য প্রশিক্ষণ কার্যক্রম “জেলা পরিষদ আইন ২০০০” এর ঐচ্ছিক কার্যাবলীর সামাজিক উন্নয়নের আওতাজুক্ত সেহেতু জেলা পরিষদের কার্যাবলীর আওতাজুক্ত কোন প্রকল্প বাস্তবায়নের জন্য (জেলা পরিষদ চত্বরে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে আলাদাভাবে কোন সম্মানী দেয়া যাবেনা।


(মোঃ জাহিদ হোসেন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রংপুর।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর (অনুমোদিত প্রকল্প দুটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, রংপুর।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।